

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.২৭.০০১.১৭.৮৬

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৪

১২ ডিসেম্বর ২০১৭

বিষয়: বিভিন্ন বেসরকারি কলেজ হতে প্রাপ্ত অভিযোগের বিষয় তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নিম্নোক্ত কলেজসমূহ হতে প্রাপ্ত অভিযোগের বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে পরিদর্শন/তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ৩০(ত্রিশ) দিনের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রং	প্রতিষ্ঠানের নাম	অভিযোগসমূহ
০১.	হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ কেশবপুর, যশোর।	অত্র কলেজের অফিস সহায়ক মো: শহিদুল ইসলাম (বরখাস্ত) এর বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা বহিষ্কারাদেশ প্রদান প্রসঙ্গে।
০২.	হাতীবান্ধা মডেল কলেজ হাতীবান্ধা, লালমনিরহাট।	লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলাধীন হাতীবান্ধা মডেল কলেজের পদার্থ বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: গোলজার আলম খানসহ বেশকিছু বিষয়ের শিক্ষক একই সাথে দুই কলেজে চাকুরীরত সংক্রান্ত অভিযোগ প্রসঙ্গে।
০৩.	চরকালেখান আদর্শ কলেজ মুলাদী, বরিশাল।	বরিশাল জেলার মুলাদী উপজেলাধীন চরকালেখান আদর্শ কলেজ প্রতিষ্ঠার জন্য দানকৃত জমি ফেরৎ প্রদান অথবা দানকৃত জমির নামজারি/মিউটেশন ২৫ বৎসরও কেন কলেজের নামে হয় নাই এবং কে জমি ভোগ-দখলে করছে এ বিষয় তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।



১২-১২-২০১৭

নাছিমা খানম

সিনিয়র সহকারী সচিব

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.২৭.০০১.১৭.৮৬/১(৩)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৪

১২ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) অধ্যক্ষ, .....



১২-১২-২০১৭

নাহিমা খানম

সিনিয়র সহকারী সচিব